



বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর BEGUM ROKEYA UNIVERSITY, RANGPUR

স্মারক নম্বর- বেরোবি/রেজিঃ/কর্মকর্তা নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২৩/৮৮৪

তারিখ: ০৭ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
২১ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক) পদের বিবরণ:

পদ সংখ্যা

০১। সহকারী রেজিস্ট্রার (স্থায়ী)

০৪ (চার)

খ) বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫):

সহকারী রেজিস্ট্রার

: ২৯,০০০-৬৩,৪১০/- (গ্রেড-৭)

গ) আবেদন ফরম সংগ্রহ ও জমা:

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.brur.ac.bd) বিজ্ঞাপিত পদে আবেদন করার শর্তাবলী ও আবেদন ফরম পাওয়া যাবে। রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় সরাসরি বা ডাকযোগে রবিবার থেকে বুধবার (বিশ্ববিদ্যালয় ছুটির দিন ব্যতীত) সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত বিজ্ঞাপিত পদের আবেদন ফরম জমা দেওয়া যাবে।
২. গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা-এর ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী (স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯; ২২-০৯-২০২২) ২৫-০৩-২০২০ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
৩. বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফরমে ০৭ (সাত) সেট আবেদন ফরম জমা দিতে হবে।
৪. আবেদন ফরমের সাথে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে ৫০০/- (পাঁচ শত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার(অফেরতযোগ্য) এবং প্রতি সেট আবেদন ফরমের সাথে ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বর পত্রের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি এবং চারিত্রিক সনদপত্র সংযুক্ত করে ডাকযোগে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর অথবা সরাসরি রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখা, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ জমা দিতে হবে।
৫. আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে। অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালীন আবেদন গ্রহণযোগ্য হবে না।
৬. বিজ্ঞাপিত পদে নিয়োগের জন্য লিখিত পরীক্ষার মাধ্যমে শর্টলিষ্ট তৈরি করে বাছাই বোর্ডের মাধ্যমে সাক্ষাৎকার গ্রহণ করা হবে।
৭. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৮. বিধি মোতাবেক সকল কোটা অনুসরণ করা হবে।
৯. বেতন নির্ধারণের ক্ষেত্রে জাতীয় বেতন স্কেলের নীতিমালা অনুসরণ করা হবে।
১০. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১১. আবেদন ফরম জমা দেওয়ার শেষ তারিখ: ২৪ জুলাই ২০২৩খ্রিঃ, বিকাল ৪.০০ টা। উল্লিখিত তারিখের পর কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না।
১২. কোন ধরনের লিখিত বা মৌখিক তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। নিয়োগ পাওয়ার পর কোন অনৈতিক পন্থা অবলম্বনের অভিযোগ প্রমাণিত হলে চাকরির যেকোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা(চাকরিচ্যুতিসহ) গ্রহণ করা হবে।
১৩. যে সকল আবেদনকারী গত ০১ জানুয়ারি ২০২০ তারিখ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে (স্মারক নং-বেরোবি/রেজিঃ/শিক্ষক-কর্মকর্তা নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২০/০১ ; তারিখ: ০১-০১-২০২০খ্রিস্টাব্দ/১৭ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ) আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।

স্বাক্ষরিত/-

প্রকৌশলী মোহাম্মদ আলমগীর চৌধুরী

রেজিস্ট্রার

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।

ই-মেইল: registrar@brur.ac.bd

স-১৪০২ (৮×৩)